বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.২৪৭ তারিখ: ১১ অক্টোবর, ২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য় পর্ব পরিপূরক পরীক্ষা আগামী ১৩ নভেম্বর, ২০২২ খ্রিঃ রোজ রবিবার হতে বোর্ড নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। ২০১৬ প্রবিধান মোতাবেক ২০২২ সনের আগস্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ৩য় পর্ব সমাপনী পরীক্ষায় শুধুমাত্র এক/ দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরাই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ০২ (দুই) এর অধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

১১-১০-২০২২
(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান-২০১৬ এবং উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণভিত্তিক পাঠ্যসূচি ও মানবন্টন অনুযায়ী ৩য় পর্ব পরিপূরক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ

১.১ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সংশ্লিষ্ট পর্বের ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে।

১.২ ২০২২ সনের আগস্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত (বর্তমানে ৪র্থ পর্বে অধ্যয়নরত) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য় পর্ব পরীক্ষার্থীদের মধ্য হতে অনলাইনে প্রাপ্ত Probable List হতে যারা পরিপূরক পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদেরকে Final List এ নিয়ে যেতে হবে এবং Edit বাটনের মাধ্যমে পরিপূরক পরীক্ষার বিষয় কোড সংযোজন করে দিতে হবে। Final List এ স্বাক্ষরযুক্ত প্রিন্ট-আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। ৩য় পর্ব পরিপূরক পরীক্ষার প্রিন্ট-আউট কপি অনুচ্ছেদ ৩.৭ এ বর্ণিত তারিখে অত্র বোর্ডের Website হতে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, Website হতে সংগৃহিত Final List এর প্রিন্ট-আউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে পরীক্ষার্থীদের ফরম ফিলাপ সংক্রান্ত যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

১.৩ ৩য় পর্ব পরিপূরক পরীক্ষার্থীকে প্রতিষ্ঠান-ভিত্তিক লিথু বিহীন উত্তরপত্রে পরীক্ষা দিতে হবে।

১.৪ Final List এ অর্ন্তভূক্ত পরীক্ষার্থীদের নামেই ফরম ফিলাপের ফি (ডিডি-র মাধ্যমে) বোর্ডে জমা দিতে হবে।

২। পরীক্ষার ফিসমূহের হারঃ

ক্রমিক নং	ফি এর বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১.	পরীক্ষার ফি	২২৫/-	বোর্ডের প্রাপ্য
২.	কেন্দ্র ফি	২০০/-	প্রতিষ্ঠান / কেন্দ্র পাবে
৩.	নম্বরপত্র ফি	৫০/-	প্রতিষ্ঠান পাবে

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলীঃ

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরিপূরক পরীক্ষার ফি-এর অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে প্রদান করতঃ ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.২ পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্ট-আউট কপি এবং পরীক্ষার ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.৩ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্ট-আউট কপি বা নির্ধারিত ফি ব্যতীত ফরমপূরণ সরাসরি বাতিল করা হবে।

৩.৪ পরিপূরক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিলে (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই নিয়ম অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয়-ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৫ ব্যাংক ড্রাফট্ সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৬ ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৩.৬ অনুযায়ী) এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, Website হতে সংগৃহিত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে। Total Question Count List এর প্রিন্ট-আউট কপি বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নম্বর ও শিফট্	রেজিঃ নম্বর ও সেশন	দেয় বিষয়ের কোড	পরীক্ষার ফি	বিলম্ব ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

৩.৭ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

<table>
<tr><th>বিলম্ব ফি ব্যতীত শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ</th><th>শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- টাকা বিলম্ব ফি সহ (প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ</th><th>অত্র বোর্ডের Website এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার সময়সীমা</th><th>সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি জমা / গ্রহণের তারিখ</th><th rowspan="3">নির্ধারিত তারিখের (২৬-১০-২০২২ তারিখ) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২৭-১০-২০২২ তারিখ পর্যন্ত। প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট আর গ্রহণ করা হবে না।</th><th>অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ</th><th>প্রবেশপত্র সংশোধনের আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা/গ্রহণ</th><th>সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ</th></tr>
<tr><td rowspan="2">১৯-১০-২০২২</td><td rowspan="2">২০-১০-২০২২</td><td rowspan="2">১৭-১০-২০২২ ও ২০-১০-২০২২</td><td>২৫-১০-২০২২ (ঢাকা বিভাগ ব্যতীত সকল বিভাগ)</td><td>০৬-১১-২০২২ (ঢাকা বিভাগ ব্যতীত সকল বিভাগ)</td><td rowspan="2">০৭-১১-২০২২ ও ০৮-১১-২০২২</td><td rowspan="2">০৯-১১-২০২২ ও ১০-১১-২০২২</td></tr>
<tr><td>২৬-১০-২০২২ (শুধুমাত্র ঢাকা বিভাগ)</td><td>০৮-১১-২০২২ (শুধুমাত্র ঢাকা বিভাগ)</td></tr>
</table>

৩.৮ পরিপূরক পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/ রেজিস্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে।

৩.৯ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলীঃ

৪.১ পরিপূরক পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এর অর্থ একটিমাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও প্রিন্ট-আউট কপিসমূহ ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যেম প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ডে জমা প্রদান নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে যে কোন প্রকারেরর উদ্বিগ্নতা ও বিড়াম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম/প্রিন্ট-আউট কপি ও ফি বাবদ প্রদেয় ডিডি ৩.৭ অনুচ্ছেদে বর্ণিত তারিখ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্ট-আউট কপিতে স্বাক্ষরের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪.৪ অনলাইনে তথ্য এন্ট্রি করার সময় পরিপূরক পরীক্ষার বিষয় কোড উল্লেখ করতে হবে।

৪.৫ পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.২৪৭ (১৭) তারিখ: ১১ অক্টোবর, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৬. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ...।
৭. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ...।
৮. অধ্যক্ষ/পরিচালক, ...।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
১২. প্রোগ্রামার (ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- বিতরণ/ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. নথি।

১১-১০-২০২২

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১